

🗏 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯: ৯৭

া আরবি মূল আয়াত:

فَاِنَّمَا يَسَّرنٰهُ بِلِسَانِكَ لِتُبَشِّرَ بِهِ المُتَّقِينَ وَ تُنذِرَ بِهِ قَومًا لُّدًّا ﴿٩٧﴾

আর আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি, যাতে তুমি এর দ্বারা মুত্তাকীদেরকে সুসংবাদ দিতে পার এবং কলহপ্রিয় কওমকে তদ্বারা সতর্ক করতে পার। — আল-বায়ান

আমি তোমার ভাষায় কুরআনকে সহজ করেছি যাতে তুমি তার সাহায্যে মুক্তাকীদেরকে সুসংবাদ দিতে পার আর ঝগড়াটে লোকেদেরকে সতর্ক করতে পার। — তাইসিরুল

আমিতো তোমার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি যাতে তুমি ওর দ্বারা মুত্তাকীদেরকে সুসংবাদ দিতে পার এবং বিতন্তা প্রবণ সম্প্রদায়কে সতর্ক করতে পার। — মুজিবুর রহমান

So, [O Muhammad], We have only made Qur'an easy in the Arabic language that you may give good tidings thereby to the righteous and warn thereby a hostile people. — Sahih International

৯৭. আর আমরা তো আপনার জবানিতে কুরআনকে সহজ করে দিয়েছি যাতে আপনি তা দ্বারা মুক্তাকীদেরকে সুসংবাদ দিতে পারেন এবং বিতগুপ্রিয় সম্প্রদায়কে তা দ্বারা সতর্ক করতে পারেন।

তাফসীরে জাকারিয়া

- (৯৭) আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি;[1] যাতে তুমি তার দ্বারা সাবধানীদেরকে সুসংবাদ দিতে পার এবং বিতর্কপ্রিয় সম্প্রদায়কে[2] সতর্ক করতে পার।
 - [1] কুরআনকে সহজ করে দেওয়ার অর্থ ঐ ভাষায় অবতীর্ণ করা যা নবী (সাঃ) জানতেন, অর্থাৎ আরবী ভাষায়। এ ছাড়া তার বিষয়-বস্তুর স্পষ্টতা ও সরলতা এই অর্থের শামিল।
 - [2] اَلَاُ শব্দের বহুবচন। যার অর্থ ঝগড়াটে, বিতর্ক-প্রিয়। এখানে কাফের ও মুশরিকদেরকে বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান



 ф hadithbd.com
 কুরআন
 মারইয়াম | Maryam | مَرْيُم |

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2347

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন